

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪০৩

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

সিআইএসএফ-এর কনস্টেবল (ফায়ার)
পদে লোক নিয়োগের আবেদনপত্র আহ্বান

সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ)-এর কনস্টেবল (ফায়ার) পদে লোক নিয়োগের জন্য পুরুষ ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। গত ৩১ আগস্ট, ২০২৪ থেকে আবেদনপত্র জমা দেওয়ার কাজ শুরু হয়েছে এবং তা চলবে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত। অনলাইনের মাধ্যমে আবেদনপত্র জমা রাখা হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য সিআইএসএফ-এর ওয়েবসাইট <http://cisfrectt.cisf.gov.in> দেখার জন্য সিআইএসএফ-এর পক্ষ থেকে বিবৃতিতে অনুরোধ জানানো হয়েছে। রাজ্য সরকারের স্বরাষ্ট্র দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
